সমকাল

তারিখ ... 10 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...



উপজেলার মুকসেদপুর ইউনিয়নের পদ্মা ডিগ্রি কলেজ অ্যান্ড বিশ্ববিদ্যালয় মাঠে বুধবার থেকে প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে এলাকার প্রভাবশালীরা পশুর হাট বসিয়েছে ■ সমকাল

# দোহারে শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে পশুর হাট

■ দোহার (ঢাকা) প্রতিনিধি

পদ্মা ডিগ্রি কলেজ অ্যান্ড বিশ্ববিদ্যালয় মাঠে স্থানীয় সরকারের নিষেধাজ্ঞা অমান্য করে প্রভাবশালীরা প্রশাসনকে ম্যানেজ করে পশুর হাট বসিয়েছে বলে অভিযোগ উঠেছে। উপজেলার মুকসেদপুর ইউনিয়নের পদ্মা ডিগ্রি কলেজ অ্যান্ড বিশ্ববিদ্যালয় মাঠে গত বুধবার থেকে স্থানীয় সরকারের নিষেধাজ্ঞা অমান্য করে এলাকার প্রভাবশালীরা শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করে প্রতিষ্ঠানের মাঠে পশুর হাট বসিয়েছে।

উপজেলায় পশুর হাটের জন্য নতুন করে আবেদন করা হয় পদ্মা ডিগ্রি কলেজ অ্যান্ড বিশ্ববিদ্যালয় মাঠ, অন্যটি বাস্তা বিদ্যালয় মাঠ, যা স্থানীয় সরকার কর্তৃক বাতিল করা হলেও স্থানীয় প্রভাবশালীরা প্যান্ডেল সাজিয়ে মাইকিং করে অবৈধ পশুর হাট বসিয়েছে। এ বিষয়ে পদ্মা ডিগ্রি কলেজের প্রিন্সিপাল মুজিবুল হায়দার জানান, হাট বসার বিষয়টি তার জানা নেই। এ ব্যাপারে তিনি ম্যানেজিং কমিটিকে অবহিত করবেন।

ওসি মো. সিরাজুল ইসলাম জানান, শিক্ষা প্রতিষ্ঠান মাঠে হাট বসা নিষেধ। তারপরও যদি কেউ জোর করে হাট বসায় তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ইউএনও কেএম আলামিন জানান, কোনো অবস্থাতেই শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ-মন্দির ও মহাসড়কে পশুর হাট বসানো যাবে না। যদি কেউ আদেশ অমান্য করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।